# সূচিপত্র

## বাংলাদেশ বিষয়াবলি


| ক্র.নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ০১ | ৪৮তম বিসিএস প্রিলিমিনারি (বিশেষ) পরীক্ষার প্রশ্নসমূহ | ০১ |
| ০২ | ৪৬তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্নসমূহ | ১৪ |
| | **জাতীয় রাজনীতি** | |
| ০৩ | বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন-২০২৪ | ৪৩ |
| ০৪ | অন্তর্বর্তীকালীন সরকার-২০২৪ | ৪৪ |
| ০৫ | অন্তর্বর্তীকালীন সরকারের পদক্ষেপসমূহ | ৪৬ |
| ০৬ | সংস্কার কমিশন | ৪৮ |
| ০৭ | সংবিধান সংশোধন ও আদালতের রায় | ৫৩ |
| ০৮ | প্রশাসনিক পদ ও কাঠামো | ৫৪ |
| | **অর্থনীতি** | |
| ০৯ | বাজেট-২০২৫ | ৫৬ |
| ১০ | অর্থনৈতিক সমীক্ষা-২০২৪ | ৫৭ |
| ১১ | কৃষি | ৫৭ |
| ১২ | আমদানি ও রপ্তানি | ৫৮ |
| | **উল্লেখযোগ্য সূচক ও সমীক্ষা** | |
| ১৩ | শ্রমশক্তি জরিপ - ২০২৩ | ৫৯ |
| ১৪ | আর্থসামাজিক ও জনমিতিক জরিপ - ২০২৩ | ৫৯ |
| ১৫ | বাংলাদেশের দারিদ্র্য মানচিত্র - ২০২২ | ৫৯ |
| ১৬ | বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিসটিক্স | ৫৯ |
| ১৭ | জাতীয় জনসংখ্যা (জনশুমারি ২০২২ এর ভিত্তিতে প্রাক্কলিত) | ৬০ |
| ১৮ | বিভিন্ন রিপোর্ট সমীক্ষায় বাংলাদেশ | ৬০ |
| | **জাতীয় অর্জন** | |
| ১৯ | GI পণ্য | ৬১ |
| ২০ | এভারেস্ট জয় | ৬১ |

| ক্র.নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ২১ | বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য Sultana’s Dream | ৬১ |
| ২২ | বিশ্ব ভাষাচিত্র-২০২৫ | ৬১ |
| ২৩ | মার্কিন কাউন্সিলের মাতৃভাষার স্বীকৃতি | ৬১ |
| ২৪ | ধ্রুপদী ভাষা হিসেবে বাংলার স্বীকৃতি | ৬১ |
| ২৫ | একনজরে বাংলাদেশের গুরুত্বপূর্ণ রেলসেতু | ৬১ |
| ২৬ | BBC’র ১০০ নারীর তালিকায় রিক্তা বানু | ৬২ |
| ২৭ | UNHCR’র ভাইস প্রেসিডেন্ট | ৬২ |
| ২৮ | গণিতের বিশ্বমঞ্চে ৬ স্বর্ণ | ৬২ |
| ২৯ | ছায়াপথ আবিষ্কারের দলে বাংলাদেশের লামিয়া | ৬২ |
| ৩০ | ন্যাচার সাময়িকীতে মুহাম্মদ ইউনূস | ৬২ |
| | **পুরস্কার ও পদক** | |
| ৩১ | স্বাধীনতা পুরস্কার | ৬২ |
| ৩২ | একুশে পদক | ৬২ |
| ৩৩ | বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার | ৬৩ |
| ৩৪ | রোকেয়া পদক | ৬৩ |
| ৩৫ | অদম্য নারী পুরস্কার - ২০২৫ | ৬৩ |
| ৩৬ | PECASE পদকে ভূষিত এহসান | ৬৩ |
| ৩৭ | বাংলাদেশ মেডেল ফর ডিপ্লোম্যাটিক এক্সিলেন্স অ্যাওয়ার্ড | ৬৩ |
| ৩৮ | অন্যান্য আলোচিত পুরস্কার | ৬৩ |
| | **খেলাধুলা** | |
| ৩৯ | বিপিএল - ২০২৫ | ৬৪ |
| ৪০ | ৭ম সাফ নারী চ্যাম্পিয়নশিপ - ২০২৪ | ৬৪ |

# সূচিপত্র

## বাংলাদেশ বিষয়াবলি


| ক্র.নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ৪১ | সাফ অনূর্ধ্ব - ২০ ফুটবল চ্যাম্পিয়নশিপ - ২০২৪ | ৬৪ |
| ৪২ | ৫ম সাফ অনূর্ধ্ব - ১৯ নারী চ্যাম্পিয়নশিপ - ২০২৪ | ৬৪ |
| ৪৩ | এক নজরে নারী সাফ চ্যাম্পিয়নশিপে বাংলাদেশের সাফল্য | ৬৪ |
| ৪৪ | বাংলাদেশের ঐতিহাসিক টেস্ট জয় | ৬৪ |
| | **গুরুত্বপূর্ণ ও আলোচিত ব্যক্তি** | |
| ৪৫ | ড. মুহাম্মদ ইউনূস | ৬৫ |
| ৪৬ | মহাপ্রয়াণ হলো যাদের | ৬৭ |
| | **অন্যান্য গুরুত্বপূর্ণ ও আলোচিত বিষয়** | |
| ৪৭ | মাইলস্টোন স্কুলে মর্মান্তিক বিমান দুর্ঘটনা | ৬৯ |
| ৪৮ | জাতিসংঘ মহাসচিবের বাংলাদেশ সফর | ৬৯ |
| ৪৯ | বাংলাদেশ সফরকারী জাতিসংঘের মহাসচিববৃন্দ | ৬৯ |
| ৫০ | রোহিঙ্গা সংকট সমাধানে ড. মুহাম্মদ ইউনূসের ৩টি প্রস্তাব | ৬৯ |
| ৫১ | ক্ষুদ্র ঋণ হয়ে যাচ্ছে ক্ষুদ্র অর্থায়ন | ৬৯ |
| ৫২ | ফ্যাসিবাদ | ৬৯ |
| ৫৩ | বাংলাদেশে জাতিসংঘের ফ্যাক্ট ফাইন্ডিং মিশন | ৬৯ |
| ৫৪ | বাংলাদেশ আওয়ামীলীগের কার্যক্রম নিষিদ্ধ | ৭০ |
| ৫৫ | জেনারেশন জেড (Gen-Z) | ৭০ |
| ৫৬ | কারফিউ | ৭০ |
| ৫৭ | গ্রাফিতি | ৭০ |
| ৫৮ | আর্ট অফ ট্রায়াম্ফ | ৭০ |
| ৫৯ | মব জাস্টিস | ৭০ |
| ৬০ | আনুপাতিক নির্বাচন পদ্ধতি | ৭০ |
| ৬১ | বিশ্বব্যাপী প্রচলিত নির্বাচন ব্যবস্থা | ৭০ |

| ক্র.নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ৬২ | ত্রিপক্ষীয় বিদ্যুৎ চুক্তি | ৭১ |
| ৬৩ | পটুয়াখালি তাপ বিদ্যুৎকেন্দ্র | ৭১ |
| ৬৪ | NBR বিলুপ্তি | ৭১ |
| ৬৫ | জাতীয় শহিদ দিবস | ৭১ |
| ৬৬ | বাংলা নববর্ষ | ৭১ |
| ৬৭ | প্রথম যুদ্ধশিশুর স্বীকৃতি | ৭১ |
| ৬৮ | দেশের প্রথম কৃত্রিম বন | ৭১ |
| ৬৯ | চট্টগ্রামে দেশের প্রথম মনোরেল | ৭১ |
| ৭০ | জাতীয় কবির রাষ্ট্রীয় স্বীকৃতি | ৭১ |
| ৭১ | নাচোল বিদ্রোহের ৭৫ বছর | ৭২ |
| ৭২ | প্রবাল দ্বীপ সেন্টমার্টিন সুরক্ষায় উদ্যোগ | ৭২ |
| ৭৩ | সোনালি ব্যাগ | ৭২ |
| ৭৪ | নতুন জাতের ধান | ৭২ |
| ৭৫ | দেশের ৫৬তম সরকারি বিশ্ববিদ্যালয় | ৭২ |
| ৭৬ | বাংলাদেশ-পাকিস্তান বাণিজ্য | ৭২ |
| ৭৭ | চীনে আম রপ্তানি শুরু | ৭৩ |
| ৭৮ | নতুন ডিজাইনের নোট | ৭৩ |
| ৭৯ | সর্বশেষ তথ্যসমূহ (বিভাগ, জেলা, থানা ইত্যাদি) | ৭৩ |
| ৮০ | দেশের দ্বিতীয় উপকূলীয় নদী বন্দর | ৭৩ |
| ৮১ | সর্বশেষ ঘোষিত ৫টি নদী বন্দর | ৭৩ |
| ৮২ | এক কথায় সাম্প্রতিক গুরুত্বপূর্ণ তথ্যাবলি | ৭৪ |
| ৮৩ | সাম্প্রতিক গুরুত্বপূর্ণ প্রশ্নোত্তর | ৭৬ |
| ৮৪ | মডেল টেস্ট (বাংলাদেশ বিষয়াবলি) | ৮১ |

# সূচিপত্র

## আন্তর্জাতিক বিষয়াবলি


| ক্র.নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| | **বৈশ্বিক রাজনীতি** | |
| | **ট্রাম্প প্রশাসন** | |
| ০১ | এক নজরে মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন | ৮৫ |
| ০২ | এক নজরে ট্রাম্প প্রশাসন | ৮৫ |
| ০৩ | বাংলাদেশ-যুক্তরাষ্ট্র বাণিজ্যিক সম্পর্ক | ৮৫ |
| ০৪ | মধ্যপ্রাচ্য চুক্তি | ৮৬ |
| ০৫ | যুক্তরাষ্ট্র-ইউক্রেন খনিজ চুক্তি | ৮৬ |
| ০৬ | **বিভিন্ন দেশে নবনিযুক্ত রাষ্ট্রপ্রধান/প্রধানমন্ত্রী** | ৮৬ |
| | **বৈশ্বিক সংকট** | |
| | **সংকট: মধ্যপ্রাচ্য** | |
| ০৭ | সিরিয়ার গৃহযুদ্ধ | ৮৭ |
| ০৮ | গাজা-ইসরায়েল | ৮৭ |
| ০৯ | গাজা পুনর্গঠনে প্রস্তাবসমূহ | ৮৮ |
| ১০ | ইসরায়েল-লেবানন ইস্যু | ৮৮ |
| ১১ | ইরান-ইসরায়েল সংঘাত | ৮৮ |
| ১২ | তুর্কিয়ে-কুর্দি সংঘাতের ইতি | ৮৯ |
| | **সংকট: দক্ষিণ-পূর্ব ও পূর্ব এশিয়া** | |
| ১৩ | মিয়ানমার | ৮৯ |
| ১৪ | ভারত-পাকিস্তান সংঘাত | ৮৯ |
| | **বৈশ্বিক সংগঠন ও সম্মেলন** | |
| | **বৈশ্বিক বিভিন্ন সংগঠন** | |
| ১৫ | আন্তর্জাতিক সংস্থা ও বর্তমান সদস্য | ৯০ |
| ১৬ | বিভিন্ন সংস্থার বর্তমান প্রধান | ৯০ |
| | **Cop-29** | |
| ১৭ | COP-29 এর আলোচ্য বিষয় | ৯০ |
| ১৮ | জি জিরো ফোরাম (G-0 Forum) | ৯১ |

| ক্র.নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১৯ | **বিভিন্ন সম্মেলন** | ৯১ |
| | **পদক ও পুরস্কার** | |
| ২০ | ৬৬তম র‍্যামন ম্যাগসেসে পুরস্কার বিজয়ী | ৯২ |
| ২১ | অস্কার পুরস্কার-২০২৫ | ৯২ |
| ২২ | বুকার পুরস্কার | ৯২ |
| ২৩ | নোবেল পুরস্কার-২০২৪ | ৯২ |
| | **খেলাধুলা** | |
| ২৪ | প্যারিস অলিম্পিক-২০২৪ | ৯৩ |
| ২৫ | আই.সি.সি চ্যাম্পিয়ন্স ট্রফি-২০২৫ | ৯৩ |
| ২৬ | টি-২০ বিশ্বকাপ-২০২৪ | ৯৩ |
| ২৭ | প্রথম নারী টি-২০ বিশ্বকাপ | ৯৩ |
| ২৮ | ব্যালন ডি'অর-২০২৪ | ৯৩ |
| ২৯ | গ্র্যান্ড স্ল্যাম-২০২৫ | ৯৩ |
| ৩০ | অন্যান্য তথ্য | ৯৪ |
| | **মহাকাশ বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি** | |
| ৩১ | SpaceX'র Starship | ৯৪ |
| ৩২ | Starlink প্রকল্প | ৯৪ |
| ৩৩ | চিপ স্থাপনে অনুমোদন পেলো নিউরালিংক | ৯৪ |
| ৩৪ | চীনের নতুন AI মডেল (DeepSeek) | ৯৪ |
| ৩৫ | অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যাবলি | ৯৪ |
| | **সাম্প্রতিক আলোচিত ব্যক্তিবর্গ** | |
| ৩৬ | ডোনাল্ড ট্রাম্প | ৯৫ |
| ৩৭ | ইলন মাস্ক | ৯৫ |
| ৩৮ | পোপ ফ্রান্সিস | ৯৫ |
| ৩৯ | ড. মনমোহন সিং | ৯৫ |
| ৪০ | ড. রিচার্ড অ্যালান ক্যাশ | ৯৫ |

# সূচিপত্র

## আন্তর্জাতিক বিষয়াবলি


| ক্র.নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ৪১ | রতন নেভাল টাটা | ৯৫ |
| ৪২ | ইব্রাহিম রাইসি | ৯৬ |
| ৪৩ | নাইম কাশেম | ৯৬ |
| ৪৪ | ইসমাইল হানিয়া | ৯৬ |
| ৪৫ | হাসান নাসুরুল্লাহ | ৯৬ |
| ৪৬ | ইয়াহিয়া সিনওয়ার | ৯৬ |
| ৪৭ | জিমি কার্টার | ৯৬ |
| ৪৮ | প্রতুল মুখোপাধ্যায় | ৯৬ |
| ৪৯ | স্যাম নুজোমা | ৯৬ |
| ৫০ | প্রিন্স করিম আগা খান | ৯৬ |
| ৫১ | ব্লেইজ মেট্রিয়েলি | ৯৬ |
| | **বিভিন্ন সূচক** | |
| ৫২ | বিভিন্ন রিপোর্ট/সমীক্ষা/প্রতিবেদন সূচক | ৯৭ |
| ৫৩ | প্রতিবেদন রিপোর্ট | ৯৭ |
| | **গুরুত্বপূর্ণ কিছু পরিভাষা** | |
| ৫৪ | বিটা জেনারেশন | ৯৮ |
| ৫৫ | রেয়ার আর্থ মিনারেলস | ৯৮ |
| ৫৬ | করিডোর | ৯৮ |
| ৫৭ | বাংলাদেশ-মিয়ানমার মানবিক করিডোর | ৯৮ |
| ৫৮ | Transformer Architecture | ৯৮ |
| ৫৯ | হেজ ফান্ড | ৯৮ |
| ৬০ | ফরেনসিক অডিট | ৯৯ |
| ৬১ | Foreign Office Consolations | ৯৯ |
| ৬২ | ব্যাকডোর চ্যানেল কূটনীতি | ৯৯ |
| ৬৩ | গোল্ডেন ডোম | ৯৯ |

| ক্র.নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| | **অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যাবলি** | |
| ৬৪ | ভারতের বিতর্কিত ওয়াকফ বিল | ৯৯ |
| ৬৫ | International Organization for Mediation | ৯৯ |
| ৬৬ | রেলপথে সংযুক্ত তিন দেশ | ৯৯ |
| ৬৭ | পোপ চতুর্দশ লিও | ৯৯ |
| ৬৮ | ইরানের প্রস্তাবিত নতুন রাজধানী | ৯৯ |
| ৬৯ | জ্বালানী বাজারে রুশ আধিপত্যের অবসান | ৯৯ |
| ৭০ | বর্তমান বিশ্বের জনসংখ্যা | ১০০ |
| ৭১ | চাঁদের বুকে পঞ্চম দেশ জাপান | ১০০ |
| ৭২ | মহাকাশে কাঠের তৈরি স্যাটেলাইট | ১০০ |
| ৭৩ | বিশ্বের বৃহত্তম জলবিদ্যুৎ বাঁধ | ১০০ |
| ৭৪ | বিশ্বের সর্বোচ্চ রেলসেতু | ১০০ |
| ৭৫ | হলিউডের শহরে দাবানল | ১০০ |
| ৭৬ | চীন প্রতিষ্ঠার প্লাটিনাম জয়ন্তী | ১০০ |
| ৭৭ | রাশিয়া-উত্তর কোরিয়া প্রতিরক্ষা চুক্তি | ১০০ |
| ৭৮ | HMPV ভাইরাস | ১০১ |
| ৭৯ | রিও ভাইরাস | ১০১ |
| ৮০ | বাংলাদেশের ট্রান্সশিপমেন্ট সুবিধা বাতিল | ১০১ |
| ৮১ | জাতিসংঘের নতুন মিশন | ১০১ |
| ৮২ | শেনজেনে বুলগেরিয়া ও রোমানিয়া | ১০১ |
| ৮৩ | স্বল্পোন্নত দেশ (LDCs) এখন ৪৪টি | ১০১ |
| ৮৪ | MERCOSUR বাণিজ্য ব্লকে পানামা | ১০১ |
| ৮৫ | বিমসটেক এনার্জি সেন্টার | ১০১ |
| ৮৬ | NDB'র নতুন সদস্য আলজেরিয়া | ১০১ |
| ৮৭ | এক কথায় গুরুত্বপূর্ণ সাম্প্রতিক তথ্যাবলি | ১০২ |
| ৮৮ | সাম্প্রতিক গুরুত্বপূর্ণ প্রশ্নোত্তর | ১০৪ |
| ৮৯ | মডেল টেস্ট (আন্তর্জাতিক বিষয়াবলি) | ১০৭ |

# সাম্প্রতিক বাংলাদেশ বিষয়াবলি

# জাতীয় রাজনীতি

## বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন-২০২৪

বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সূচনা হয়েছিল ৫ জুন, ২০২৪ সালে সরকারি চাকরির প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে সকল কোটা বাতিল করে জারি করা পরিপত্র অবৈধ ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায়ের মাধ্যমে। পরবর্তীতে ১ জুলাই থেকে কোটা সংস্কারের লক্ষ্যে চার দফা দাবিতে লাগাতার কর্মসূচির ঘোষণা দিলে এর ধারাবাহিকতায় ৫ আগস্ট, ২০২৪ তৎকালীন প্রধানমন্ত্রী ক্ষমতাচ্যুত হয়ে দেশ ত্যাগ করে।

### বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ধারাবাহিক ঘটনাবলি

**৫ জুন:** সরকারি চাকরিতে (৯ম-১৩তম গ্রেড) মুক্তিযোদ্ধাসহ বিদ্যমান কোটা বাতিল সংক্রান্ত পরিপত্র ২০১৮ অবৈধ ঘোষণা করে রায় দেয় হাইকোর্ট।

**১ জুলাই:** দাবি আদায়ে 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন' নামক সংগঠন তৈরি হয়।

**৬ জুলাই:** বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনকারীরা 'বাংলা ব্লকেড' কর্মসূচি ঘোষণা করেন।

**১৪ জুলাই:** আন্দোলনরত শিক্ষার্থীরা ঢাকায় গণপদযাত্রা করে রাষ্ট্রপতি মো: সাহাবুদ্দিন বরাবর স্মারকলিপি প্রদান করে। এ দিন তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার এক বক্তব্যে আন্দোলনকারী শিক্ষার্থীদের রাজাকারের নাতি-পুতি হিসেবে অভিহিত করেন। প্রধানমন্ত্রীর মন্তব্যের প্রতিক্রিয়া হিসেবে আন্দোলনকারী শিক্ষার্থীরা ব্যঙ্গ করে "তুমি কে? আমি কে? রাজাকার, রাজাকার! কে বলেছে? কে বলেছে? স্বৈরাচার, স্বৈরাচার এবং চাইলাম অধিকার, হয়ে গেলাম রাজাকার" স্লোগান দেয়।

**১৬ জুলাই:** বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থী আবু সাঈদ পুলিশের গুলিতে শহিদ হন। তিনি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্রথম শহিদ। তার সমাধি বাবনপুর (জাফরপাড়া), পীরগঞ্জ, রংপুর। এই দিন প্রাথমিক বিদ্যালয় ব্যতীত সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়।

**১৮ জুলাই:** সরকার বাংলাদেশে মোবাইল ইন্টারনেট পরিষেবা বন্ধ করে দেয়। ঢাকার উত্তরাতে BUP (Bangladesh University of Professionals) শিক্ষার্থী মীর মাহফুজুর রহমান মুগ্ধ নিহত হন। তার স্মরণীয় কথা 'পানি লাগবে কারো, পানি, পানি?'।

**১৯ জুলাই:** আন্দোলনকারীরা ৯ দফা দাবি পেশ করেন। সরকার রাত ১২ টা থেকে কারফিউ জারি করে।

**২১ জুলাই:** সুপ্রীম কোর্টের ৭ জন বিচারপতির পূর্ণাঙ্গ বেঞ্চ পূর্বের কোটা পদ্ধতি বাতিল করে ৯৩% মেধা, ৫% মুক্তিযোদ্ধার সন্তান, ১% প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ এবং ১% ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা রাখার পক্ষে রায় দেয়।

**২৩ জুলাই:** সরকারি চাকরির নিয়োগে সকল গ্রেডে ৯৩% মেধা ও ৭% কোটার বিধান রেখে প্রজ্ঞাপন জারি এবং গেজেট প্রকাশ করা হয়।

**৩০ জুলাই:** বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন সারাদেশে 'মার্চ ফর জাস্টিস' কর্মসূচি পালন করার ঘোষণা দেয়।

**৩১ জুলাই:** 'মার্চ ফর জাস্টিস' কর্মসূচির পর আন্দোলনকারীরা 'Remembering Our Heroes' কর্মসূচি ঘোষণা করে।

**২ আগস্ট:** শিক্ষক ও নাগরিক সমাজ 'দ্রোহযাত্রা' কর্মসূচি পালন করে।

**৩ আগস্ট:** সরকারের পদত্যাগের এক দফা দাবিতে উত্তাল বাংলাদেশ। ঢাকায় কেন্দ্রীয় শহিদ মিনারে শিক্ষার্থীসহ লাখো মানুষ সমবেত হয়। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন অসহযোগ আন্দোলনের ডাক দেয়।

**৪ আগস্ট:** বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়করা ৬ আগস্ট (মঙ্গলবার) 'লংমার্চ টু ঢাকা' সফল করতে সারা দেশের ছাত্র-নাগরিক-শ্রমিকদের ঢাকায় আসার আহ্বান জানান। তবে বিকালে আরেক ঘোষণায় উক্ত লংমার্চ এগিয়ে ৫ আগস্ট (সোমবার) নিয়ে আসেন আন্দোলনকারীরা।

**৫ আগস্ট:** তীব্র গণ-আন্দোলনের মুখে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হন এবং গণভবন থেকে সামরিক হেলিকপ্টারে দেশ ত্যাগ করেন। সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ জামান অন্তর্বর্তী সরকার গঠনের ঘোষণা দেন।

### বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের অন্যান্য নাম

- জুলাই বিপ্লব, বাংলা বসন্ত, ছাত্র-বসন্ত, দ্বিতীয় স্বাধীনতা, দ্বিতীয় বিপ্লব।
- প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস একে দ্বিতীয় স্বাধীনতা ও দ্বিতীয় বিপ্লব বলে আখ্যায়িত করেছেন।
- প্রধান উপদেষ্টা জাতিসংঘের ৭৯তম সাধারণ পরিষদে ভাষণ দেওয়ার সময় জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থানকে 'মনসুন রেভ্যুলেশন' (মৌসুমি অভ্যুত্থান) বলে আখ্যা দেন।

### আন্দোলনে শহিদ ও আহতের সংখ্যা

- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী এই অভ্যুত্থানে ১৩২ শিশু-কিশোর ও ১১ জন নারী শহিদ হন।
- গণঅভ্যুত্থান সেলের প্রথম ধাপের খসড়া তালিকা অনুযায়ী শহিদ হন ৮৫৮ জন এবং আহতের সংখ্যা ১১ হাজার ৫৫১ জন।

### অন্তর্বর্তীকালীন সরকারের সাংবিধানিক বৈধতা

সুপ্রীম কোর্ট সংবিধানের ১০৬ নম্বর অনুচ্ছেদ [সুপ্রীম কোর্টের উপদেষ্টামূলক এখতিয়ার- যদি কোনো সময়ে রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হয় যে, আইনের এইরূপ কোনো প্রশ্ন উত্থাপিত হইয়াছে বা উত্থাপনের সম্ভাবনা দেখা দিয়াছে, যাহা এমন ধরনের ও এমন জনগুরুত্বসম্পন্ন যে, সেই সম্পর্কে সুপ্রীম কোর্টের মতামত গ্রহণ করা প্রয়োজন, তাহা হইলে তিনি প্রশ্নটি আপীল বিভাগের বিবেচনার জন্য প্রেরণ করিতে পারিবেন এবং উক্ত বিভাগ স্বীয় বিবেচনায় উপযুক্ত শুনানীর পর প্রশ্নটি সম্পর্কে রাষ্ট্রপতিকে স্বীয় মতামত জ্ঞাপন করিতে পারিবেন।] অনুযায়ী মতামত দেন।

## অন্তর্বর্তীকালীন সরকারের পদক্ষেপসমূহ

### বিভিন্ন অধ্যাদেশ জারি

| নাম | জারি |
|---|---|
| Bangladesh Bank (Amendment) Ordinance, 2024 | ১৩ আগস্ট, ২০২৪ |
| জেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ | ১৭ আগস্ট, ২০২৪ |
| উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ | ১৭ আগস্ট, ২০২৪ |
| স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ | ১৭ আগস্ট, ২০২৪ |
| স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ | ১৭ আগস্ট, ২০২৪ |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট (সংশোধন), অধ্যাদেশ, ২০২৪ | ২৭ আগস্ট, ২০২৪ |
| বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (সংশোধন), অধ্যাদেশ, ২০২৪ | ২৭ আগস্ট, ২০২৪ |
| বিশেষ নিরাপত্তা বাহিনী (Special Security Force) (সংশোধন), অধ্যাদেশ, ২০২৪ | ৪ সেপ্টেম্বর, ২০২৪ |
| জাতির পিতা পরিবার-সদস্যগণের নিরাপত্তা (রহিতকরণ) অধ্যাদেশ ২০২৪ | ৯ সেপ্টেম্বর, ২০২৪ |
| পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (সংশোধন), অধ্যাদেশ, ২০২৪ | ২৪ অক্টোবর, ২০২৪ |
| সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফাইন্যানসিয়াল কর্পোরেশনসহ স্ব-শাসিত সংস্থাসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ সময়সীমা নির্ধারণ অধ্যাদেশ, ২০২৪। | ১৮ নভেম্বর, ২০২৪ |
| জাতীয় সংসদ সচিবালয় (অন্তর্বর্তীকালীন বিশেষ বিধান) অধ্যাদেশ, ২০২৪ | ১৮ নভেম্বর, ২০২৪ |
| বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ | ১৮ নভেম্বর, ২০২৪ |
| International Crimes (Tribunals) (Amendment) Ordinance, 2024 | ২৪ নভেম্বর, ২০২৪ |
| বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) (রহিতকরণ) অধ্যাদেশ, ২০২৪ | ২৮ নভেম্বর, ২০২৪ |
| জাতীয় মানবাধিকার কমিশন (সংশোধন), অধ্যাদেশ, ২০২৪ | ০৫ ডিসেম্বর, ২০২৪ |
| Bangladesh Law Officers (Amendment) Ordinance, 2024 | ০৮ ডিসেম্বর, ২০২৪ |
| Code of Civil Procedure (Amendment) Ordinance, 2025 | ০৮ মে, ২৫ |
| Bank Resolution Ordinance | ০৯ মে, ২৫ |
| সন্ত্রাসবিরোধী (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ | ১১ মে, ২৫ |
| সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫ | ২১ মে, ২৫ |
| অর্থ অধ্যাদেশ, ২০২৫ | ০২ জুন, ২৫ |
| জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ | ০৩ জুন, ২৫ |
| জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন অধ্যাদেশ, ২০২৫ | ১৭ জুন, ২৫ |
| রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০২৫ | ১৯ জুন, ২৫ |
| The Code of Criminal Procedure (Amendment) Ordinance, 2025 | ২৯ জুন, ২৫ |

### জুলাই শহিদ স্মৃতি ফাউন্ডেশন

| | |
|---|---|
| পরিচয় | ছাত্র-জনতার অভ্যুত্থানকালীন জুলাই গণহত্যায় শহিদ হওয়া ব্যক্তিদের স্মরণে প্রতিষ্ঠিত সংস্থা। |
| প্রতিষ্ঠাকাল | ১০ সেপ্টেম্বর, ২০২৪। |
| লক্ষ্য | জুলাই গণহত্যায় শহিদ ও আহতদের পরিবারকে স্বাস্থ্যসেবা, আর্থিক সহায়তা এবং দীর্ঘমেয়াদি সহায়তা। |
| সভাপতি | ড. মুহাম্মদ ইউনূস |
| বর্তমান প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO) | লে. কর্নেল (অব.) কামাল আকবর |
| প্রতিষ্ঠাকালীন সাধারণ সম্পাদক | সারজিস আলম (পদত্যাগ: ২২ জানুয়ারি, ২০২৫) |
| প্রতিষ্ঠাকালীন প্রধান নির্বাহী কর্মকর্তা | মীর মাহবুবুর রহমান (স্নিগ্ধ) (পদত্যাগ: ৮ মে, ২০২৫) |
| লোগো | |

# জাতীয় অর্জন

## GI পণ্য

WTO এর TRIPS চুক্তিতে জিআই পণ্যের নিবন্ধন প্রদান করে WIPO যার জন্য কিছু নির্দিষ্ট শর্ত পূরণ করতে হয়। এসব শর্ত পূরণ সাপেক্ষে পণ্য GI নিবন্ধন পেয়ে থাকে। তবে WIPO -এর হয়ে কাজটি করে থাকে সংশ্লিষ্ট দেশের কোনো নির্দিষ্ট কর্তৃপক্ষ। বাংলাদেশে এ দায়িত্বটি পালন করে শিল্প মন্ত্রণালয়ের অধীন প্যাটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্ক অধিদপ্তর (DPDT)।

**বাংলাদেশের সনদপ্রাপ্ত (৫৫টি) জিআই পণ্যের মধ্যে ১ম ও শেষ ৫টি পণ্য –**

| | |
|---|---|
| জামদানি শাড়ি (১ম) | দিনাজপুরের বেদানা লিচু (৫১তম) |
| বাংলাদেশের ইলিশ (২য়) | মুন্সীগঞ্জের পাতক্ষীর (৫২তম) |
| চাঁপাইনবাবগঞ্জের খিরসাপাত আম (৩য়) | নওগাঁর নাক ফজলী আম (৫৩তম) |
| বিজয়পুরের সাদা মাটি (৪র্থ) | টাঙ্গাইলের মির্জাপুরের জামুর্কির সন্দেশ (৫৪তম) |
| দিনাজপুর কাটারিভোগ (৫ম) | ঢাকাই ফুটি কার্পাস তুলার বীজ ও গাছ (৫৫তম) |

*[সর্বশেষ আপডেট জুলাই - ২০২৫]*

## এভারেস্ট জয়

পঞ্চম (মতান্তরে ষষ্ঠ) বাংলাদেশি হিসেবে ১৯ মে, ২০২৪ সালে চট্টগ্রামের বাবর আলী এভারেস্ট জয় করেন।

**বাংলাদেশের অন্যান্য এভারেস্ট বিজয়ী**

| | | | |
|---|---|---|---|
| প্রথম বাংলাদেশি | মুসা ইব্রাহীম (২৩ মে, ২০১০) | ১ম বাংলাদেশি নারী | নিশাত মজুমদার (১৯ মে, ২০১২) |
| দ্বিতীয় বাংলাদেশি | এম এ মুহিত | ২য় বাংলাদেশি নারী | ওয়াসফিয়া নাজনীন |
| দুইবার এভারেস্ট জয়ী বাংলাদেশি | এম এ মুহিত | এভারেস্ট জয় করে ফেরার পথে মৃত্যুবরণকারী- মোহাম্মদ খালেদ হোসেন (সজল খালেদ)। | |

## বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য - Sultana's Dream

- ৮-১০ মে, ২০২৪ মঙ্গোলিয়ার রাজধানী উলানবাটোরে UNESCO'র Memory of the World Committee for Asia and the Pacific (MOWCAP) এর দশম সাধারণ সভা বেগম রোকেয়া সাখাওয়াত হোসেনের কল্পকাহিনি Sultana's Dream কে বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য (Memory of the World) হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।
- বাংলাদেশের পক্ষ থেকে MOWCAP'র কাছে Sultana's Dream এর নামের আবেদন করে মুক্তিযুদ্ধ জাদুঘর।
- Sultana's Dream অবলম্বনে ২০২৩ সালে স্প্যানিশ নির্মাতা ইসাবেল হারগুয়েরা তৈরি করেন অ্যানিমেশন চলচ্চিত্র। স্প্যানিশ ভাষায় চলচ্চিত্রটির নাম রাখা হয় El sueño de Sultana.

## বিশ্ব ভাষাচিত্র- ২০২৫

- বর্তমানে বিশ্বে প্রচলিত ভাষার সংখ্যা- ৭১৫৯।
- বিশ্বের শীর্ষ ব্যবহৃত ভাষা- ইংরেজি।
- ব্যবহারকারীর দিক থেকে বাংলা ভাষার অবস্থান - সপ্তম।
- মাতৃভাষা অনুসারে বিশ্বের শীর্ষ ভাষা- মান্দারিন।
- মাতৃভাষা অনুসারে বাংলা ভাষার অবস্থান- পঞ্চম।

## মার্কিন কাউন্সিলের মাতৃভাষার স্বীকৃতি

- ২১ ফেব্রুয়ারিকে 'মাতৃভাষা দিবস' হিসেবে ঘোষণা দেয় নিউইয়র্ক সিটি কাউন্সিল।
- যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক অঙ্গরাজ্যে ১৪ এপ্রিলকে বাংলা নববর্ষ হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।
- ২২ জানুয়ারি ২০২৫ নিউইয়র্কে মুক্তধারা ফাউন্ডেশনের উদ্যোগে অঙ্গরাজ্যের রাজধানী আলবেনিতে গভর্নর অফিস বাঙালি জাতির সবচেয়ে বড় এই উৎসবকে উদ্‌যাপন করবে বলে সিদ্ধান্ত হয়।

## ধ্রুপদী ভাষা হিসেবে বাংলার স্বীকৃতি

- ৩ অক্টোবর ২০২৪ ভারতের কেন্দ্রীয় মন্ত্রিসভা বাংলা ভাষাকে Classic Language বা ধ্রুপদী ভাষার স্বীকৃতি দেয়। এই দিন বাংলাসহ আরও পাঁচটি ভাষাকে ভারতের ধ্রুপদী ভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।
- অন্য চারটি ভাষা হলো- মারাঠি, পালি, অসমিয়া ও প্রাকৃত ভাষা।

## একনজরে বাংলাদেশের গুরুত্বপূর্ণ রেলসেতু

| নাম | যমুনা রেলসেতু | রূপসা রেলসেতু | মধুমতি রেলসেতু |
|---|---|---|---|
| সংযুক্ত করবে | সিরাজগঞ্জ ও টাঙ্গাইল | খুলনা ও বাগেরহাট | নড়াইল ও গোপালগঞ্জ |
| যে নদীর ওপর | যমুনা নদী | রূপসা নদী | মধুমতী |
| ধরণ | ডুয়েল গেজ | ব্রডগেজ | ব্রডগেজ |
| অর্থায়নে | বাংলাদেশ ও জাপান | বাংলাদেশ | চীন |
| চালু হয় | ৫ জানুয়ারি ২০২৫ | ১ জুন ২০২৪ | ২৪ ডিসেম্বর ২০২৪ |
| বিশেষ তথ্য | দেশের দীর্ঘতম (৪.৮কি.মি.) ডুয়েল গেজ ডাবল ট্র্যাকের সেতু। | খুলনা- মোংলা রেললাইন নির্মাণ প্রকল্পের অংশ। | দেশের চতুর্থ বৃহত্তম রেলসেতু। |

# গুরুত্বপূর্ণ ও আলোচিত ব্যক্তি

## ড. মুহাম্মদ ইউনূস



ড. মুহাম্মদ ইউনূস ২৮ জুন, ১৯৪০ সালে চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার বাথুয়া গ্রামে জন্মগ্রহণ করেন।

### শিক্ষা ও কর্ম জীবন

- **শিক্ষাগত যোগ্যতা:** বিএ ও এমএ (অর্থনীতি), ঢাকা বিশ্ববিদ্যালয়, পিএইচডি (অর্থনীতি), ভ্যান্ডারবিল্ট বিশ্ববিদ্যালয়।
- **পেশা:** বিশিষ্ট অর্থনীতিবিদ, উদ্যোক্তা এবং বর্তমানে বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা।
- **কর্মজীবন:** স্নাতকের পর তিনি ব্যুরো অব ইকোনোমিক্স-এ যোগ দেন গবেষণা সহকারী হিসেবে। ১৯৬২ সালে তিনি চট্টগ্রাম কলেজে অর্থনীতি বিভাগের প্রভাষক হিসেবে যোগদান করেন। ১৯৬৫ সালে ফুলব্রাইট স্কলারশিপ নিয়ে যুক্তরাষ্ট্রে যান এবং পূর্ণ বৃত্তি নিয়ে যুক্তরাষ্ট্রের ভ্যান্ডারবিল্ট বিশ্ববিদ্যালয় থেকে ১৯৬৯ সালে অর্থনীতিতে পিএইচডি ডিগ্রি লাভ করেন। ১৯৬৯ থেকে ১৯৭২ সাল পর্যন্ত মুহাম্মদ ইউনূস যুক্তরাষ্ট্রের মিডল টেনেসি স্টেট ইউনিভার্সিটিতে শিক্ষকতা করেন। ১৯৭২ সালে দেশে ফিরে তিনি সরকারের পরিকল্পনা কমিশনে নিযুক্ত হন এবং এর কিছু দিন পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে যোগ দেন এবং বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৭৫ সালে অধ্যাপক পদে উন্নীত হন এবং ১৯৮৯ সাল পর্যন্ত উক্ত পদে কর্মরত ছিলেন।

### বিখ্যাত গ্রন্থ

- Banker to the Poor: Micro-Lending and The Battle Against World Poverty. (1998)
- Three Farmers of Jobra, Chittagong, March 1974
- Creating a World Without Poverty
- A World of Three Zeros
- Building Social Business
- Super Happiness
- দারিদ্র্যমুক্ত বিশ্বের জন্য
- গ্রামীণ ব্যাংক ও আমার জীবন (আত্মজীবনী)
- 'পথের বাধা সরিয়ে নিন, মানুষকে এগুতে দিন' ইত্যাদি।

### বিখ্যাত উক্তি

- "If you imagine, Some day it will happen. If you don't imagine, It will never happen.
- "Human being is a fighter, human being is a creator."
- "Poverty does not belong in civilized human society. Its proper place is in a museum. That's where it will be."
- "Once we know where we want to go, getting there will be so much easier."
- "If you think creating a world without any poverty is impossible, let's do it. Because it is the right thing to do."
- "We can remove poverty from the surface of the earth only if we can redesign our institutions – like the banking institutions, and other institutions; if we redesign our policies, if we look back on our concepts, so that we have a different idea of poor people"
- "If we are looking for one single action which will enable the poor to overcome their poverty, I would focus on credit."
- "Like navigation markings in unknown waters, definitions of poverty need to be distinctive and unambiguous. A definition that is not precise is as bad as no definition at all."

### মুক্তিযুদ্ধে ড. মুহাম্মদ ইউনূস

- মুক্তিযুদ্ধের সমর্থনে যুক্তরাষ্ট্রে 'বাংলাদেশি নাগরিক কমিটি' গঠন করেন।
- বাংলাদেশিদের সাথে যুক্তরাষ্ট্রে মুক্তিযুদ্ধের জন্য সমর্থন বাড়াতে 'বাংলাদেশ ইনফরমেশন সেন্টার' পরিচালনা করেন।
- তিনি ন্যাশভিলে তার বাড়ি থেকে 'বাংলাদেশ নিউজলেটার'ও প্রকাশ করতেন।

### ড. মুহাম্মদ ইউনূসের থ্রি জিরো তত্ত্ব

থ্রি-জিরো তত্ত্ব আর্থিক স্বাধীনতা, কর্মঠ জনশক্তি তৈরি এবং পরিবেশ উন্নয়নে বর্তমান পৃথিবীতে একটি জনপ্রিয় ও কার্যকর মডেল। ২৮ মে, ২০১৫ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সামাজিক ব্যবসা দিবস উদ্‌যাপনকালে প্রধান বক্তার বক্তৃতায় তিনি এ তত্ত্ব দেন। এরপর ২০১৭ সালে ড. মুহাম্মদ ইউনূসের 'A World of Three Zeros' বইয়ের মাধ্যমে থ্রি-জিরো তত্ত্বের প্রকাশ ঘটে। থ্রি জিরো তত্ত্ব একটি সামাজিক ও অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি যা তিনটি গুরুত্বপূর্ণ লক্ষ্য অর্জনের ওপর ভিত্তি করে গড়ে উঠেছে। সেগুলো হচ্ছে –

# সাম্প্রতিক আন্তর্জাতিক বিষয়াবলি



# বৈশ্বিক রাজনীতি

## ট্রাম্প প্রশাসন

### একনজরে মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন

| | |
|---|---|
| নির্বাচনের তারিখ | ৫ নভেম্বর, ২০২৪ |
| আনুষ্ঠানিক ফলাফল প্রকাশ | ৬ জানুয়ারি, ২০২৫ |
| মোট ইলেক্টোরাল কলেজ ভোট | ৫৩৮টি |
| ডোনাল্ড ট্রাম্পের ইলেক্টোরাল কলেজ ভোট | ৩১২টি |
| কমলা হ্যারিসের ইলেক্টোরাল কলেজ ভোট | ২২৬টি |
| নির্বাচনের ক্রম | ৬০তম |
| প্রেসিডেন্টের ক্রম | ৪৭তম |
| ভাইস প্রেসিডেন্ট | জেমস ডেভিড (জে ডি) ভ্যান্স |
| নির্বাচিত প্রেসিডেন্ট | ডোনাল্ড ট্রাম্প |
| যে দল থেকে নির্বাচিত হন | রিপাবলিকান পার্টি |

### এবারের নির্বাচনের উল্লেখযোগ্য দিকসমূহ

- এই নির্বাচনে ট্রাম্প ইলেক্টোরাল এবং জনপ্রিয় উভয় ভোটেই জয়লাভ করেছেন।
- ২০২৪ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের নির্বাচনে ৭টি অঙ্গরাজ্যকে সুইং স্টেট হিসেবে চিহ্নিত করা হয়। এই সাত অঙ্গরাজ্যে মোট ইলেক্টোরাল ভোটের সংখ্যা ৯৩টি। সুইং স্টেটের অপর নাম ব্যাটল গ্রাউন্ড।
- ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রের ৪৫তম ও ৪৭তম প্রেসিডেন্ট।
- ডোনাল্ড ট্রাম্প মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাসে সর্বজ্যেষ্ঠ প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হন (৭৮ বছর ৭ মাস)।
- ২০ জানুয়ারি, ২০২৫ ওয়াশিংটন ডিসির কংগ্রেস ভবনের ভিতরে ক্যাপিটল রোটুন্ডায় শপথ নেন।

### উল্লেখযোগ্য নির্বাহী আদেশ-

- বাইডেন-যুগের অভিবাসন, জলবায়ু পরিবর্তন এবং জাতিগত সমতার সাথে সম্পর্কিত ৭৮টি নীতি বাতিল।
- জন্মসূত্রে মার্কিন নাগরিকত্ব বাতিলের আদেশ জারি।
- যুক্তরাষ্ট্র-মেক্সিকো সীমান্তে শরণার্থী সংকট মোকাবিলায় জাতীয় জরুরি অবস্থা ঘোষণা।
- যুক্তরাষ্ট্রে শরণার্থীদের প্রবেশ সাময়িকভাবে স্থগিত করেন।
- ৬ জানুয়ারি, ২০২১ ক্যাপিটল হিলের দাঙ্গার সাথে সম্পর্কিত ১,৫০০ জনকে সাধারণ ক্ষমা ঘোষণা।
- আন্তর্জাতিক জলবায়ু চুক্তি থেকে মার্কিন যুক্তরাষ্ট্রের আনুষ্ঠানিক প্রত্যাহারের কার্যক্রম শুরু।
- ৯০ দিনের জন্য মার্কিন বিদেশি সাহায্য কর্মসূচির স্থগিতাদেশ জারি।
- বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) থেকে যুক্তরাষ্ট্রকে প্রত্যাহার।
- অবৈধভাবে যুক্তরাষ্ট্রে ঢুকে আশ্রয় চাওয়ার আবেদন বন্ধ।
- প্যারিস জলবায়ু চুক্তি থেকে বেরিয়ে যাওয়ার ঘোষণা।

### এক নজরে ট্রাম্প প্রশাসন

| ক্যাটাগরি | নাম | ক্যাটাগরি | নাম |
|---|---|---|---|
| পররাষ্ট্রমন্ত্রী | মার্কো রুবিও | বাণিজ্যমন্ত্রী | হওয়ার্ড লাটনিক |
| প্রতিরক্ষামন্ত্রী | পিট হেগসেথ | জাতিসংঘে রাষ্ট্রদূত | এলিস স্টেফানিক |
| স্বরাষ্ট্রমন্ত্রী | ডগ বারগাম | অ্যাটর্নি জেনারেল | পাম বন্ডি |
| অর্থমন্ত্রী | স্কট ব্যাসেন্ট | জাতীয় নিরাপত্তা উপদেষ্টা | মাইকেল ওয়াল্টজ |
| স্বাস্থ্যমন্ত্রী | রবার্ট এফ কেনেডি জুনিয়র | স্পিকার অব দ্য হাউজ | মাইক জনসন |
| জ্বালানিমন্ত্রী | ক্রিস রাইট | মধ্যপ্রাচ্য বিষয়ক দূত | স্টিভ উইটকফ |
| শিক্ষামন্ত্রী | লিন্ডা ম্যাকমাহন | গোয়েন্দা সংস্থার পরিচালক | তুলসী গ্যাবার্ড |

### বাংলাদেশ-যুক্তরাষ্ট্র বাণিজ্য সম্পর্ক

১৯৭২ সালের ৪ এপ্রিল বাংলাদেশকে স্বীকৃতি প্রদানের পর ১৮ মে যুক্তরাষ্ট্রের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপিত হয় এবং ঢাকায় দূতাবাস প্রতিষ্ঠিত হয়।

বাংলাদেশ যুক্তরাষ্ট্র বাণিজ্য

| অর্থবছর | আমদানি | রপ্তানি |
|---|---|---|
| ২০২৩-২৪ | ২,৮৮৩ | ৭,৫৯২ |
| ২০২২-২৩ | ২,৬০৪ | ৮,৫৩৫ |
| ২০২১-২২ | ৩,১৯৩ | ১০,৪১৭ |

*[মিলিয়ন ডলার; উৎস: বাংলাদেশ ব্যাংক ও জাতীয় রাজস্ব বোর্ড]*

# বৈশ্বিক সংকট

## সংকট: মধ্যপ্রাচ্য

### সিরিয়ার গৃহযুদ্ধ

- বাশার আল আসাদবিরোধী অভ্যুত্থানের সূতিকাগার শহর- দারা।
- সিরিয়ার বৃহত্তম ৩টি শহর- দামেস্ক, আলেপ্পো ও হোমস।
- ৭ নভেম্বর, ২০২৪ প্রেসিডেন্ট বাশার আল-আসাদকে উৎখাতের লক্ষ্যে গঠিত 'মিলিটারি অপারেশন কমান্ড'।
- মাত্র ১২ দিনে আসাদ এবং তার পরিবারের ৫৪ বছরের শাসনের সমাপ্তি ঘটে।
- ২৯ জানুয়ারি, ২০২৫ আসাদের দল 'বাথ পার্টি' বিলুপ্ত ঘোষণা করা হয় যারা প্রায় ৬১ বছর সিরিয়া শাসন করেছে।

**বাশার আল-আসাদের পতনের সাম্প্রতিক ঘটনাক্রম-**

- **২৭ নভেম্বর:** সিরিয়ার বিদ্রোহীরা হঠাৎ করেই দেশটির দ্বিতীয় বৃহৎ শহর আলেপ্পো দখলের অভিযান শুরু করে।
- **১ ডিসেম্বর:** কয়েক দিনের মধ্যেই আলেপ্পো দখল করে নেয় বিদ্রোহীরা। তবে সেখানে কুর্দি অধ্যুষিত এলাকাগুলোর দখল কুর্দি যোদ্ধাদের হাতেই থেকে যায়।
- **৫ ডিসেম্বর:** বিদ্রোহীদের অভিযান চলতে থাকে। তারা হামা দখল করার ঘোষণা দেয়। হামা দেশটির চতুর্থ বৃহৎ নগরী।
- **৭ ডিসেম্বর:** রাজধানী দামেস্কের আশপাশের শহরগুলো দখলের পর বিদ্রোহীরা ঘোষণা দিয়ে দামেস্ক দখলের অভিযান শুরু করে।
- **৮ ডিসেম্বর:** বিদ্রোহীরা হোমসের দখল নেয়। এটি সিরিয়ার তৃতীয় বৃহৎ নগরী। এরপরই তারা দামেস্কে প্রবেশ করে। বাশার আল আসাদ ব্যক্তিগত উড়োজাহাজে সপরিবারে দামেস্ক ছেড়ে পালিয়ে যান।

**হায়াত তাহরির আল-শাম (HTS)**

- হায়াত তাহরির আল-শাম সিরিয়া ভিত্তিক একটি শক্তিশালী সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী।
- এই বিদ্রোহী গোষ্ঠীর প্রধান আবু মোহাম্মদ আল- জোলানি।
- ২০১৭ সালে ইদলিব শহরে হায়াত তাহরির আল-শাম গঠন করেন জোলানি।
- সিরিয়ায় বাশার আল-আসাদ সরকারের পতনের অভিযানে নেতৃত্ব দিয়েছে এই সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী।

**আবু মোহাম্মদ আল - জোলানি**

- বাশার আল-আসাদের পতনের অভিযানে আবু মোহাম্মদ আল-জোলানি ছিলেন মূলত কৌশলবিদ।
- জোলানির আসল নাম আহমেদ হুসাইন আল-শারা।
- ১৯৮২ সালে তিনি সৌদি আরবের রিয়াদে জন্মগ্রহণ করেন।
- ২০০৩ সালে সিরিয়া থেকে ইরাকে এসে তিনি আল-কায়েদায় যোগ দেন।
- ২৩ জানুয়ারি, ২০১২ তার নেতৃত্বে সিরিয়ায় আল-কায়েদার শাখা প্রতিষ্ঠা করা হয়, যা আল-নুসরা ফ্রন্ট নামে পরিচিত। ২০১৬ সালে আল-নুসরা বিলুপ্ত করে গঠন করেন নতুন সংগঠন জাভাত ফাতেহ আল-শাম।

**অন্তর্বর্তী সরকারের প্রধানমন্ত্রী**

- ১০ ডিসেম্বর, ২০২৪ সিরিয়ার অন্তর্বর্তী সরকারের প্রধানমন্ত্রী হন মোহাম্মদ আল-বশির।
- ২৯ জানুয়ারি, ২০২৪ আহমেদ হুসাইন আল-শারা প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব নেন।

### গাজা - ইসরায়েল

**একনজরে যুদ্ধের মৌলিক বিষয়গুলো**

| | |
|---|---|
| যুদ্ধ শুরু | ৭ অক্টোবর, ২০২৩ |
| হামাসের অভিযান | 'অপারেশন আল-আকসা ফ্লাড' /অপারেশন আল আকসা স্ট্রম |
| ইসরায়েলের অভিযান | অপারেশন আয়রন সোর্ডস |
| গাজায় নিহত | ৫৬ হাজারের বেশি মানুষ |
| বাস্তুচ্যুত মানুষ | ১৯ লাখ (মোট জনসংখ্যার ৯০%) |
| নাকবা দিবস | ১৫ মে- (নাকবা অর্থ- বিপর্যয়) |

**হামাস-ইসরায়েল যুদ্ধবিরতি চুক্তি**

| | |
|---|---|
| যুদ্ধবিরতির মধ্যস্থতাকারী | মিশর, কাতার ও যুক্তরাষ্ট্র |
| যুদ্ধবিরতি চুক্তি | ১৮ জানুয়ারি, ২০২৫ |
| যুদ্ধবিরতি কার্যকর | ১৯ জানুয়ারি, ২০২৫ |
| যুদ্ধবিরতি কার্যকরের ধাপ | ৩টি |
| প্রথম ধাপের মেয়াদ | ৪২ দিন (১৯ জানুয়ারি-১ মার্চ) |

পরবর্তীতে ইসরায়েল যুদ্ধবিরতি চুক্তি ভঙ্গ করে সামরিক আগ্রাসন চালিয়ে যাচ্ছে।

# বৈশ্বিক সংগঠন ও সম্মেলন

## বৈশ্বিক বিভিন্ন সংগঠন

### আন্তর্জাতিক সংস্থা ও বর্তমান সদস্য

| সংস্থা | সদস্য | সর্বশেষ সদস্য |
|---|---|---|
| বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) | ১৬৬ | পূর্ব তিমুর (৩০ আগস্ট, ২০২৪) |
| জাতিসংঘ শিল্পোন্নয়ন সংস্থা (UNIDO) | ১৭৩ | সলোমন দ্বীপপুঞ্জ (৪ অক্টোবর, ২০২৪) |
| এশীয় অবকাঠামো বিনিয়োগ ব্যাংক (AIIB) | ১১০ | নাউরু (২৮ ফেব্রুয়ারি, ২০২৫) |
| এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) | ৬৯ | ইসরায়েল (২৭ সেপ্টেম্বর, ২০২৪) |
| ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন (IPU) | ১৮২ | বেলিজ (ডিসেম্বর, ২০২৪) |
| আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD) | ১৮০ | লিথুয়ানিয়া (২৭ নভেম্বর, ২০২৪) |
| আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) | ১৯১ | লিচেস্টাইন (২১ অক্টোবর, ২০২৪) |
| আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (IDA) | ১৭৫ | সুরিনাম (১৮ অক্টোবর, ২০২৪) |
| আন্তর্জাতিক অপরাধ আদালত (ICC) | ১২৫ | ইউক্রেন (১ জানুয়ারি, ২০২৫) |

### বিভিন্ন সংস্থার বর্তমান প্রধান

| | | | |
|---|---|---|---|
| আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল | চেয়ারম্যান | জয় শাহ | ১ ডিসেম্বর, ২০২৪ |
| NATO | মহাসচিব (১৪তম) | মার্ক রুটে (নেদারল্যান্ড) | ১ অক্টোবর, ২০২৪ |
| UNGA (৭৯তম অধিবেশন) | সভাপতি | ফিলেমন ইয়াং (ক্যামেরুন) | ১০ সেপ্টেম্বর, ২০২৪ |
| আন্তর্জাতিক সমুদ্রতল কর্তৃপক্ষ | মহাসচিব | লেটিসিয়া কারভালহো | ১ জানুয়ারি, ২০২৫ |
| সাংহাই সহযোগিতা সংস্থা | মহাসচিব | নুরলান ইয়ারমেকবায়েভ | ১ জানুয়ারি, ২০২৫ |
| আন্তর্জাতিক অপরাধ আদালত | প্রেসিডেন্ট | ইউজি ইওয়াসাওয়া (জাপান) | ৩ মার্চ, ২০২৫ |
| কমনওয়েলথ | মহাসচিব (৭তম) | শার্লি আয়োরকর বোচওয়ে | ১ এপ্রিল, ২০২৫ |
| আফ্রিকান ইউনিয়ন | চেয়ারপার্সন | জোয়াও লরেন্সো (অ্যাঙ্গোলা) | ফেব্রুয়ারি, ২০২৫ |
| APEC | নির্বাহী পরিচালক | এডুয়ার্ডো পেড্রোসা | ১৪ নভেম্বর, ২০২৫ |
| G -7 | চেয়ারম্যান | মার্ক কার্নি | ১৪ মার্চ, ২০২৫ |
| IOC | প্রেসিডেন্ট (প্রথম নারী) | কির্স্টি কোভেন্ট্রি (জিম্বাবুয়ে) | ২৩ জুন, ২০২৫ |

## Cop-29

**COP'র পূর্ণরূপ:** Conference of the Parties.

- **সময়সূচি:** ১১-২২ নভেম্বর, ২০২৪।
- **স্থান:** বাকু, আজারবাইজান।
- **সভাপতি:** ইলহাম আলিয়েভ ( প্রেসিডেন্ট, আজারবাইজান)।
- **অংশগ্রহণকারী দেশ ও অঞ্চল:** প্রায় ২০০।
- **এবারের স্লোগান:** 'ইন সলিডারিটি ফর আ গ্রিন ওয়ার্ল্ড'।
- **COP-30'র আয়োজক:** আমাজনিয়ান, ব্রাজিল।
- **COP-30'র সম্ভাব্য সময়সূচি:** ১০-২১ নভেম্বর, ২০২৫।

### COP-29'এর আলোচ্য বিষয়

- COP29- এর লক্ষ্য তাপমাত্রা বৃদ্ধি 1.5°C- এর মধ্যে সীমাবদ্ধ রাখা।
- 'Loss and Damage' তহবিল কার্যকর করার ওপর জোর দেওয়া যাতে ক্ষুদ্র দ্বীপ উন্নয়নশীল রাষ্ট্র (SIDS) এবং স্বল্পোন্নত দেশ (LDCs) বিশেষ করে ঝুঁকিপূর্ণ সম্প্রদায়কে সহায়তা করা।
- আজারবাইজানের বাকুতে ক্লাইমেট ফাইন্যান্স অ্যাকশন ফান্ড (CFAF) চালু করা হয়, যার মাধ্যমে জীবাশ্ম জ্বালানি উৎপাদনকারী দেশ এবং কোম্পানিগুলোর কাছ থেকে বার্ষিক ১ মিলিয়ন মার্কিন ডলার সহায়তা চাওয়া হয়।

### প্রাপ্তি

- COP29 সম্মেলনে জলবায়ু সংকট নিরসনে বছরে ৩০০ বিলিয়ন ডলার সাহায্য দিতে সম্মত হয়েছে উন্নত দেশগুলো।
- আজারবাইজানের প্রেসিডেন্ট জলবায়ু পরিবর্তনের ঝুঁকির মুখে থাকা দেশগুলোকে নিয়ে একটি নতুন নেটওয়ার্ক চালুর ঘোষণা দেন। যার মধ্যে থাকবে সংঘাত পীড়িত গ্রুপ অব সেভেন প্লাস-এর বেশ কিছু দেশ।

### বাংলাদেশের এজেন্ডা

কপ-২৯ এ বাংলাদেশের এজেন্ডা ছিল তিনটি। যথা- জলবায়ু অর্থায়ন, অভিযোজন বাস্তবায়ন ও ক্ষয়ক্ষতির তহবিল কার্যকর করা।

# সাম্প্রতিক আলোচিত ব্যক্তিবর্গ

## ডোনাল্ড ট্রাম্প

| | |
|---|---|
| পুরো নাম | ডোনাল্ড জন ট্রাম্প |
| জন্ম | ১৪ জুন, ১৯৪৬ |
| শিক্ষাগত যোগ্যতা | স্নাতক (অর্থনীতি, পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয়) |
| রাজনৈতিক দল | রিপাবলিকান পার্টি |
| রচিত বই | Save America, Our Journey Together, How to Fix Our Crippled America, Why We Want You To Be Rich ইত্যাদি। |

**ট্রাম্পের ৭ অঙ্গীকার:** জয়ের আগে প্রচারের সময় নানান প্রতিশ্রুতি দিয়েছেন তিনি। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে শুরুতেই যে সাতটি কাজ করার কথা বলেছেন-

(১) অবৈধ অভিবাসীদের ফিরিয়ে দেওয়া।
(২) অর্থনীতিতে মনোযোগ।
(৩) জলবায়ু নীতিতে কাটছাঁট।
(৪) ইউক্রেন যুদ্ধ বন্ধ।
(৫) গর্ভপাতের অধিকার বাতিল।
(৬) ৬ জানুয়ারির দাঙ্গাকারীদের ক্ষমা।
(৭) আইনজীবী জ্যাক স্মিথকে চাকরিচ্যুত।

২০২৪ সালের টাইম ম্যাগাজিনের বর্ষসেরা ব্যক্তিত্ব হন যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

## ইলন মাস্ক

| | |
|---|---|
| জন্ম | ২৮ জুন, ১৯৭১; প্রিটোরিয়া, দ. আফ্রিকা |
| শিক্ষা | যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয় থেকে চারটি ডিগ্রি অর্জন করেন। |
| ব্যবসা শুরু | ১৯৯৫ সাল। ২৫ বছরের মধ্যে বিশ্বের অন্যতম শীর্ষ ধনকুবের হন। |
| রাজনৈতিক দল | আমেরিকা পার্টি (ঘোষণা: ৫ জুলাই, ২০২৫) |
| সম্পদমূল্য | ৪০৩.৮ বিলিয়ন ডলার। |
| মালিকানাধীন কোম্পানিগুলো | ▪ জিপ ২ (১৯৯৯)<br>▪ এক্স.কম (বর্তমানে: পেপাল)<br>▪ স্পেসএক্স (২০০২)<br>▪ টেসলা (২০০৩)<br>▪ সোলারসিটি (২০০৬)<br>▪ টুইটার (বর্তমান নাম এক্স; ২০২২ সালে ক্রয়)<br>▪ ওপেনএআই (২০১৫)<br>▪ নিউরালিংক<br>▪ বোরিং কোম্পানি (২০১৬)<br>▪ স্টারলিংক (২০১৯) |

## পোপ ফ্রান্সিস

পোপ ফ্রান্সিস (১৭ ডিসেম্বর, ১৯৩৬-২১ এপ্রিল, ২০২৫ ছিলেন রোমান ক্যাথলিকদের ধর্মগুরু। তার জন্ম আর্জেন্টিনার বুয়েন্স আয়ার্সে। তার আসল নাম জর্জ মারিও বারগোগ্লিও। তিনি ১৯৬৯ সালে ধর্মযাজক এবং ১৯৯৮ সালে আর্জেন্টিনায় আর্চবিশপ হন। ২৮ ফেব্রুয়ারি, ২০১৩ তৎকালীন পোপ ষোড়শ বেনেডিক্ট পদ ছেড়ে দিলে ১৩ মার্চ, ২০১৩ পোপ নির্বাচিত হন জর্জ মারিও। পোপ ফ্রান্সিস দক্ষিণ আমেরিকা থেকে নির্বাচিত প্রথম পোপ। পোপ ফ্রান্সিসের আত্মজীবনীমূলক বই 'হোপ'।

## ড. মনমোহন সিং

মনমোহন সিংয়ের জন্ম হয়েছিল ১৯৩২ সালের ২৬ সেপ্টেম্বর অবিভক্ত পাঞ্জাব প্রদেশের এক ছোট্ট গ্রামে। শিক্ষায় আর পেশায় অর্থনীতিবিদ মনমোহন সিং রাজনীতির ময়দানে পরিচিত হন ১৯৯১ সালে, ভারতের অর্থমন্ত্রী হিসাবে; ১৯৯১-৯৬ সাল এই পদে দায়িত্ব পালন করেন। তিনি ২০০৪ থেকে ২০১৪ সাল – এই ১০ বছর ভারতের প্রধানমন্ত্রী ছিলেন। ড. মনমোহন সিংয়ের প্রথম পাঁচ বছরের মেয়াদকালে সবথেকে বড় জয়টা ছিল যুক্তরাষ্ট্র থেকে পারমাণবিক প্রযুক্তি পাওয়ার জন্য একটি চুক্তি সই করা। গত ২৬ ডিসেম্বর ২০২৪ প্রাক্তন প্রধানমন্ত্রীর মৃত্যুতে ভারত সরকার সাত দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করেছে।

## ড. রিচার্ড অ্যালান ক্যাশ

প্রাণঘাতী ডায়রিয়া প্রতিরোধে খাবার স্যালাইন আবিষ্কারের অন্যতম গবেষক এবং খাবার স্যালাইন ফর্মুলার চূড়ান্ত রূপদানকারী হলেন ড. রিচার্ড অ্যালান (৯ জুন, ১৯৪১ - ২২ অক্টোবর, ২০২৪)। মুক্তিযুদ্ধ চলাকালে বাংলাদেশের জন্য যুক্তরাষ্ট্রের স্বীকৃতি আদায়, যুদ্ধের পক্ষে জনমত তৈরি এবং অর্থ সংগ্রহের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। মুক্তিযুদ্ধে অবদানের জন্য বাংলাদেশ সরকার স্বীকৃতিস্বরূপ তাঁকে 'ফ্রেন্ডস অব লিবারেশন ওয়ার অনার' প্রদান করে।

## রতন নেভাল টাটা

রতন টাটা (২৮ ডিসেম্বর, ১৯৩৭ - ৯ অক্টোবর, ২০২৪) ভারতের অন্যতম বৃহৎ প্রতিষ্ঠান টাটা সন্সের ইমেরিটাস চেয়ারম্যান এবং 'বিজনেস টাইকুন' নামে পরিচিত। ভারতের সর্বোচ্চ সম্মাননা 'পদ্মবিভূষণ' লাভ করেন ২০০৮ সালে। 'দ্য স্টোরি অব টাটা' (লেখক পিটার ক্যাবি) টাটার মালিকানাধীন ব্যক্তিদের নিয়ে লিখিত বই।